

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 08-12-2025**

**Time: 1.30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ বন্দেমাতরম্ রচনার দেড়শ বছর উপলক্ষ্যে লোকসভায় বিশেষ আলোচনা শুরু হয়েছে। #প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিশেষ আলোচনার সূত্রপাত করে বলেন, বন্দেমাতরম্ মন্ত্র, স্বাধীনতা আন্দোলনের সময় গোটা দেশকে উজ্জীবিত করেছিল। # বন্দেমাতরম্-এর দেড়শ বছর পূর্তি, গৌরবের এই অধ্যায়কে পুনরুজ্জীবিত করার এক গুরুত্বপূর্ণ সুযোগ এনে দিয়েছে।

২/ দেশে বহুমুখী দারিদ্র্য, ২৯ দশমিক ১/৭ শতাংশ থেকে কমে ১১ দশমিক ২/৮ শতাংশ হয়েছে বলে সরকার আজ লোকসভায় জানিয়েছে।

৩/ আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেছেন, গত ১১ বছর ধরে নরেন্দ্র মোদী সরকারের নীতিগুলি সামাজিক ন্যায়বিচারের মৌলিক চেতনাকে বাস্তবে রূপ দিতে শুরু করেছে।

৪/ নাগরিকদের ই-প্যানকার্ড ডাউনলোড করার জন্য ভাইরাল হওয়া একটি ইমেল, কেন্দ্র খারিজ করে দিয়ে বলেছে, এটি জাল। এধরণের কোনোরকম বার্তায় সাড়া না দিতেও নাগরিকদের সতর্ক করা হয়েছে।

৫/ দিল্লিতে, কিছু উড়ান বাতিল হলেও সামগ্রিকভাবে বিমান চলাচল সুষ্ঠুভাবেই চলেছে।

৬/ থাইল্যান্ডের বিমান বাহিনী, কম্বোডিয়া সীমান্তে বিমান হামলা চালানোর পর, দু'দেশের মধ্যে নতুন করে উত্তেজনার সৃষ্টি হয়েছে।

৭/ FIH মেয়েদের জুনিয়ার হকিতে ভারত তিনি/এক গোলে ওয়েল্স—কে হারিয়ে দিয়েছে।

\*\*\*\*\*

‘বন্দেমাতরম্’ রচনার দেড়শ বছর উপলক্ষ্যে লোকসভায় আজ বিশেষ আলোচনা শুরু হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বিশেষ আলোচনার সূত্রপাত করে বলেন, বন্দেমাতরম্ মন্ত্র, স্বাধীনতা আন্দোলনের সময় গোটা দেশকে উজ্জীবিত করেছিল। স্বাধীনতা সংগ্রামীদের উৎসাহ ও উদ্ধীপনা জুগিয়েছিল। বন্দে মাতরম্-এর শতবর্ষ পূর্তির সময় দেশে জরুরী অবস্থা চলছিল বলে তিনি জানান।

( বাইট- PM / জরুরী অবস্থা )

শ্রী মোদী আরো বলেন, বন্দেমাতরম্-এর দেড়শ বছর পূর্তি গৌরবের এই অধ্যায়কে পুনরুজ্জীবিত করার এক গুরুত্বপূর্ণ সুযোগ এনে দিয়েছে।

( বাইট- PM / জানি )

প্রধানমন্ত্রী আরো বলেন, বন্দেমাতরম্ হল এমন এক শক্তি, যা স্বাধীনতা সংগ্রামীদের স্বপ্নকে সাকার করে তুলতে দেশবাসীকে উত্তুক করেছে। ১৯৪৭ সালে ভারতের স্বাধীনতা লাভের সময়, জাতীয় স্বৈরাজ্য বন্দেমাতরম্-এ গুরুত্বপূর্ণ অবদানের কথাও উল্লেখ করেন তিনি।

( বাইট- PM / ১৯৪৭ )

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা বলেছেন, বন্দেমাতরম্ জাতীয় স্বৈরাজ্য, উপনিবেশিক শাসনের মতো দুর্বল সময়ে ভারতকে বিভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলা করতে আশার আলো দেখিয়েছিল।

বিশেষ অধিবেশনের আগে কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত সংসদ ভবনের বাইরে সাংবাদিকদের বলেন, দেশের স্বাধীনতা সংগ্রামকে এক্যবন্ধ করার ক্ষেত্রে বন্দে মাতরম্ মন্ত্র, এক গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিল।

রাজ্যসভার সাংসদ সুধা মূর্তি বলেন, বন্দেমাতরম্, দেশের সব প্রদেশকে এক করে রাখো খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রী চিরাগ পাসওয়ান বলেছেন, দেশের নবীন প্রজন্মের বন্দেমাতরম্-এর তাৎপর্য অনুধাবন করা উচিত। এই বিশেষ বিতর্ক, যুবাদের শোনা উচিত বলেও তিনি মন্তব্য করেন।

( বাইট- চিরাগ পাসওয়ান )

\*\*\*\*\*

দেশে বহুমুখী দারিদ্র্য, ২৯ দশমিক ১/৭ শতাংশ থেকে কমে ১১ দশমিক ২/৮ শতাংশ হয়েছে বলে সরকার আজ লোকসভায় জানিয়েছে।

অর্থ দপ্তরের প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী প্রশ্নাত্তর পর্ব চলাকালীন বলেন, ২০১৩/১৪ সালে এই দারিদ্র্যের হার ছিল ২৯ দশমিক ১/৭ শতাংশ। ২০২২/২৩-এ তা' কমে দাঁড়িয়েছে- ১১ দশমিক ২/৮ শতাংশে।

তিনি আরো বলেন, প্রায় ২৪ কোটি ৮০ লক্ষ মানুষ এই সময়ে দারিদ্র্য থেকে মুক্তি লাভ করেছেন। এই সময়কালে, অতি দারিদ্র্য সীমার নীচে বসবাসকারী মানুষের সংখ্যা ৩৪ কোটি ৪০ লক্ষ থেকে কমে সাড়ে সাত কোটি-তে দাঁড়িয়েছে।

দেশে তীব্র দারিদ্র্যের হার ২০১১/১২-র ২৭ দশমিক ১/২ শতাংশ থেকে কমে ২০২২/২৩-এ হয়েছে ৫'দশমিক ২/৫ শতাংশ।

\*\*\*\*\*

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডবিয়া বলেছেন, এখনও অর্দি ২ কোটিরও বেশি যুবক-যুবতী, 'মাই ভারত' পোর্টালে নিজেদের নাম নিবন্ধিত করেছে। লোকসভায় প্রশ্নোত্তর পর্বে তিনি আজ বলেন, মাই ভারত দেশে যুবদের এক জায়গায় নিয়ে আসার ও তাদের আত্মনির্ভর করে তোলার একটি গুরুত্বপূর্ণ মঞ্চ।

\*\*\*\*\*

রাজ্যসভায় আজ মিজোরামের প্রাক্তন রাজ্যপাল স্বরাজ কৌশলের সূত্রিত প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এই মাসের চার তারিখে তাঁর জীবনাবসান হয়। আজ বেলা ১১ টায় রাজ্যসভার অধিবেশন শুরু হলে চেয়ারম্যান সিপি রাধাকৃষ্ণন শোক প্রস্তাব পাঠ করে বলেন, স্বরাজ কৌশলের মৃত্যুতে দেশ এক বিশিষ্ট আইনবিদ এবং সক্ষম প্রশাসককে হারালো। ১৯৯৮ থেকে ২০০৪ সাল পর্যন্ত স্বরাজ কৌশল, হরিয়ানা থেকে রাজ্যসভার সদস্য ছিলেন। তাঁর প্রয়াণে সদস্যরা নীরবতাও পালন করেন।

\*\*\*\*\*

রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণণ সশস্ত্র সেনা বাহিনীর পতাকা দিবস তহবিলে অনুদান দেওয়ার জন্য সংসদ-সদস্যদের প্রতি আবেদন জানিয়েছেন। শূন্যকালের মধ্যে, শ্রী রাধাকৃষ্ণণ বলেন, প্রতি বছর ৭ই ডিসেম্বর সশস্ত্র বাহিনী পতাকা দিবস পালিত হয় যুদ্ধে নিহত সৈনিকদের সম্মান জানাতে যারা কেবল দেশের সীমান্ত রক্ষা করার জন্যই নয়, বরং সন্ত্রাসবাদের বিরুদ্ধে সাহসিকতার সঙ্গে লড়াই করেছেন। তিনি জানান, এদিন এই তহবিলের জন্য অনুদান সংগ্রহ করা হয় যা যুদ্ধ-বিধবা, এবং প্রতিবন্ধীসহ অন্যান্য প্রাক্তন সৈনিকদের কল্যাণ এবং পুনর্বাসনের জন্য ব্যবহৃত হয়।

\*\*\*\*\*

আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল আজ বলেন, গত এগারো বছর ধরে নরেন্দ্র মোদী সরকারের নীতিগুলি সামাজিক ন্যায়বিচারের মৌলিক চেতনাকে বাস্তবে রূপ দিতে শুরু করেছে। নতুন দিল্লিতে সংবাদমাধ্যমের কাছে ভাষণ দিতে গিয়ে শ্রী মেঘওয়াল বলেন, মুদ্রা যোজনা নাগরিকদের অর্থনৈতিক

ক্ষমতাকে শক্তিশালী করেছে। তিনি আরও বলেন যে, এর ফলে দেশে ২৫ কোটি মানুষ দারিদ্র্যসীমার উপরে উঠে এসেছে।

( বাইট- মেঘওয়াল )

\*\*\*\*\*

ই-প্যান কার্ড ডাউনলোড করার জন্য সরকার নাগরিকদের বলেছে এমন দাবি করা ভাইরাল হওয়া একটি ইমেল কেন্দ্রীয় সরকার খারিজ করে দিয়েছে।

প্রেস ইনফরমেশন ব্যুরোর সত্য অনুসন্ধানী শাখা জানিয়েছে, এই ইমেলটি জাল। আর্থিক এবং অন্যান্য স্পর্শকাতর তথ্য চেয়ে এধরণের কোন ইমেল, লিঙ্ক ফোন কল বা এসএমএসে সাড়া না দিতেও এই ফ্যাক্ট চেক ইউনিট নাগরিকদের পরামর্শ দিয়েছে। সরকার নাগরিকদের আরও জানিয়েছে, এধরণের মেসেজ আর্থিক জালিয়াতির সঙ্গে যুক্ত হতে পারে। তাই এধরণের বার্তাকে গুরুত্ব না দেওয়াই ভালো।

\*\*\*\*\*

পিটিসি

\*\*\*\*\*

দিল্লি বিমানবন্দরে, মোটামুটি সুষ্ঠুভাবেই উড়ান চলাচল করছে বলে বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছেন। যদিও পদ্ধতিগত কিছু কারণে অল্প কয়েকটি বিমান বাতিল অথবা সময়সূচীর পরিবর্তন করতে হচ্ছে।

বিমানবন্দর কর্তৃপক্ষ আজ যাত্রীদের এক অ্যাডভাইসারি বা নির্দেশিকা জারি করে বলেছে, কোনোরকম হয়রানি এড়াতে বিমান বন্দরের বিভিন্ন দল, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রেখে চলেছে। যাত্রীদের, উড়ান সংস্থাগুলির সঙ্গে যোগাযোগ রেখে চলা এবং উড়ানের সর্বশেষ হাল হকিকত সম্পর্কে ওয়াকিবহাল থাকতে বলা হয়েছে। বিমান বন্দরে যাতায়াতের জন্যে মেট্রো পরিষেবা, বাস ও ক্যাব এর বন্দোবস্ত ও সঠিক ভাবে রাখা হয়েছে।

\*\*\*\*\*

সুপ্রিমকোর্ট, ইন্ডিগো বিমান পরিষেবায় সংকট সম্পর্কিত মামলার জরুরি শুনানির আবেদন প্রত্যাখ্যান করেছে। শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্যকান্ত আজ বলেছেন, ভারত সরকার ইতিমধ্যেই বিষয়টি বিবেচনা করেছে। তাই আদালতের এ ব্যাপারে শুনানি গ্রহণ করার দরকার নেই।

ইন্ডিগোর বিপুল সংখ্যক বিমান গত কয়েকদিন ধরে হঠাত করে বাতিল করার পর দেশের বেশ কয়েকটি বিমানবন্দরে আটকে থাকা যাত্রীদের দুর্দশার বিষয়টি আজ আদালতে উল্লেখ করেন এক আইনজীবী।

তার দাবি, কোনও তথ্য না দিয়েই, কোম্পানিটি ফ্লাইট বাতিল করেছে। ফলে গুরুতর সমস্যায় পড়েছে সাধারণ যাত্রীরা।

শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্যকান্ত এবং বিচারপতি জয়মাল্য বাগচীর বেঞ্চ আইনজীবীকে বলেন, মানুষের দুর্দশার কথা তাঁরা অনুধাবন করতে পারছেন।

সরকারও বিষয়টি গুরুত্ব দিয়ে দেখছে। ব্যবস্থাও নেওয়া হচ্ছে বলে তাঁরা আশ্বাস দেন।

\*\*\*\*\*

গোয়ার আরপোরা নাইটক্লাবে ভয়াবহ অগ্নিকাণ্ডে ২৫ জনের মৃত্যু এবং ছয়জন আহত হওয়ার পর পুলিশ, এই নাইট ক্লাবের জেনারেল ম্যানেজার এবং ৩ কর্মীসহ চারজনকে গ্রেপ্তার করেছে।

উল্লেখ্য, ২০১৩ সালে নাইটক্লাবের জন্য ট্রেড লাইসেন্স দেওয়ার জন্য আরপোরা-নোয়া পঞ্চায়েতের প্রধানকে আটক করা হয়েছিল।

গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত সাংবাদিকদের কাছে দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। নিহতদের পরিবারের জন্য ৫ লক্ষ টাকা এবং আহতদের জন্য ৫০ হাজার টাকা দেওয়ার কথাও তিনি ঘোষণা করেছেন।

শ্রী সাওয়ান্ত এর আগে নাইটক্লাবে অগ্নিকাণ্ডের ঘটনায় ম্যাজিস্ট্রেট পর্যায়ের তদন্তের নির্দেশ দিয়েছিলেন এবং জেলা ম্যাজিস্ট্রেট এবং পুলিশ ও দমকল বিভাগের অন্যান্য আধিকারিকদের নিয়ে একটি কমিটি গঠন করেছিলেন। কমিটিকে ঘটনার কারণ অনুসন্ধান করে এক সপ্তাহের মধ্যে প্রতিবেদন জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

\*\*\*\*\*

পাঞ্জাবের লুধিয়ানায় আজ ভোরে এক সড়ক দুর্ঘটনায় দুই নাবালিকা সহ পাঁচ জনের মৃত্যু হয়েছে। এরা সকলেই লুধিয়ানার জাগরাও-এর বাসিন্দা। মৃতদেহগুলির মধ্যে তিন জনের দেহ শনাক্ত করা গেছে।

\*\*\*\*\*

থাইল্যান্ডের সেনা কম্বোডিয়ার সঙ্গে বিতর্কিত সীমান্তে আজ সকালে বিমান হামলা চালানোর পর দু'দেশের সীমানায় উত্তেজনা বেড়েছে। শিসাকেট এবং উবন রাতচাথানি প্রদেশে নতুন করে সংঘর্ষ শুরু হওয়ার পর থাই বিমানবাহিনির এই হামলা। কম্বোডিয়ার সেনাবাহিনীও পাল্টা ব্যবস্থা হিসেবে গোলাগুলি চালালে, থাইল্যান্ডের পক্ষে ১জন নিহত ও বহু মানুষ আহত হন।

\*\*\*\*\*

নাইজেরিয়ার নিগার প্রদেশে গতমাসে অপহর ১০০'টি বাচ্চাকে উদ্ধারের খবর কর্তৃপক্ষ স্বীকার করেছে। আবুজায় শারীরিক ও মানসিক চিকিৎসার পর তাদেরকে সরকারি আধিকারিকদের হাতে তুলে দেওয়া হবে। সেখান থেকে তারা নিজেদের পরিবারের কাছে ফিরে যাবে।

নভেম্বর মাসের ২১ তারিখে ৩০৩ জন পড়ুয়া এবং ১২ জন শিক্ষক-শিক্ষিকাকে অপহরণ করা হয়। তার মধ্যে ৫০ জন আগেই পালিয়ে এসেছে। এখন তাহলে ১৫৩ জন পড়ুয়া এবং ১২ জন শিক্ষক-শিক্ষিকা অপহরকারীদের কবলে রয়েছেন।

কেবিং প্রদেশে স্কুলের ২৫ জন মেয়েকে অপহরণের পর এই ঘটনা ঘটলো।

২০১৪-র ‘চিবিক অপহরণ কান্ডের’ পর এতো বড় গণঅপহরণ, আগে আর দেখা যায়নি।

\*\*\*\*\*

চিলির সান্তিয়াগোতে অনুষ্ঠিত FIH জুনিয়র মহিলা হকি বিশ্বকাপ ৯/১৬ পরিশেন কোয়ালিফায়ার ম্যাচে ভারতের জুনিয়র মহিলা হকি দল ওয়েলসকে ৩-১ গোলে হারিয়ে দিয়েছে। ভারতের হয়ে হিনা বানো, সুনেলিতা টংপ্লো এবং ঈশিকা ১ টি করে গোল করেছেন।

আগামী ৯ ডিসেম্বর ভারত তাদের পরবর্তী ম্যাচটি উরুগুয়ের বিরুদ্ধে খেলবে।

\*\*\*\*\*